# দৈনিক সংবাদ

তারিখ 18 JUL 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩

94

## প্রশ্নপত্রের নামে ব্যবসা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৭ই জুলাই।— কুমিল্লা বোর্ডের এইচ এস সি পরীক্ষার ফাঁস হওয়া প্রশ্নপত্রের কিছু প্রশ্নের সঙ্গে আজ অনুষ্ঠিত দু'টি পরীক্ষার কয়েকটি প্রশ্ন হুবহু মেলেনি। তবে অন্য কয়েকটি প্রশ্নের সাথে তার মিল পাওয়া গেছে। গতরাতে চট্টগ্রাম কলেজসহ বিভিন্ন কলেজের আশপাশের দোকানে ফাঁস হওয়া অর্থনীতি ও পদার্থবিদ্যার হাতে লেখা প্রশ্নপত্র এবং উত্তর চড়া

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## প্রশ্নপত্রের নামে ব্যবসা

(১ম পাতার পর)

দামে বিক্রি হয়। বোর্ড কর্তৃপক্ষ অবশ্য বলেছেন, প্রশ্নপত্র ফাঁস হবার কোন ঘটনা তাদের জানা নেই।

তবে কতিপয় অসাধু ব্যক্তি পরীক্ষার আগে অভিজ্ঞ শিক্ষকদের কাছ থেকে পরীক্ষায় আসতে পারে এমন কিছু প্রশ্নের সাজেশনকে ভিত্তি করে হাতে লেখা ভুয়া প্রশ্নপত্র তৈরী ও বিক্রির মাধ্যমে টুপাইস কামিয়ে নিচ্ছে। কর্তৃপক্ষ বলেছেন, অভিজ্ঞ শিক্ষকদের দেয়া সাজেশনের ২/১ টি প্রশ্ন বোর্ডের প্রশ্নপত্রের সাথে মিলে যাওয়া অস্বাভাবিক নয়। আর প্রকৃতই প্রশ্নপত্র ফাঁস হয়ে থাকলে আসল প্রশ্নপত্রের পুরো মিল থাকারই কথা; কিন্তু এক্ষেত্রে গরমিল থাকায় স্বভাবতই প্রমাণিত হয় যে, প্রশ্নপত্র ফাঁস হবার কথা গুজব ছাড়া কিছু নয়। ঘটনাটি বোর্ডের পক্ষ থেকে তদন্ত করে দেখা হচ্ছে।

এদিকে চট্টগ্রামের বিভিন্ন উপজেলাতেও হাতে লেখা প্রশ্নপত্র বিক্রি করা হচ্ছে বলে খবর পাওয়া গেছে।